107

দৈনিক ইনকিলাব

তারিখ 06 FEB 1997
পৃষ্ঠা ৭ কলাম ৫

# ঢাকা ভার্সিটি ৪৭টি সিলেকশন বোর্ডের কার্যকারিতা রহিতাদেশ স্থগিত

বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাই কোর্ট ডিভিশন অধ্যাপক নুরুল আমিন বেপারীর রীট পিটিশনের প্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট কর্তৃক গত ১২ নভেম্বর লেকচারার ও সহকারী অধ্যাপক নিয়োগের জন্য গঠিত ৪৭টি সিলেকশন বোর্ডের কার্যকারিতা রহিত করে গত ২ ফেব্রুয়ারী যে স্থগিতাদেশ ঘোষণা করেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ও রেজিস্ট্রারের আবেদনের প্রেক্ষিতে সুপ্রীম কোর্টের আপীল বিভাগ (অ্যাপেলেট ডিভিশন) গতকাল এক আদেশে তার কার্যকারিতার উপর স্থগিতাদেশ প্রদান করেন।

আপীলকারীদের পক্ষে ব্যারিস্টার শফিক আহমদ আবেদন পেশ করেন এবং তাঁর সাথে ছিলেন এডভোকেট অন রেকর্ড শামসুল হক সিদ্দিক। রেসপনডেন্ট অধ্যাপক নুরুল আমিন বেপারীর পক্ষে ছিলেন ব্যারিস্টার মওদুদ আহমদ এবং তাঁর সাথে ছিলেন এডভোকেট অন রেকর্ড মোঃ আফতাব হোসেন। প্রেস বিজ্ঞপ্তি।